

পিএসডি সার্কুলার লেটার নং : ০৩/২০২২

১৫ বৈশাখ, ১৪২৯

তারিখ : -----

২৮ এপ্রিল, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

অনলাইনে এক ব্যাংক হিসাব হতে অন্য ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তরের সীমা পুনঃনির্ধারণ এবং এনপিএসবি-এর মাধ্যমে ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার (IBFT) এর দৈনিক লেনদেনের সর্বোচ্চ সংখ্যা রহিতকরণ প্রসঙ্গে।

ইন্টারনেট এবং স্মার্টফোন ব্যবহার করে অনলাইন ব্যাংকিং লেনদেনের মাধ্যমে ই-কমার্সের পণ্য/সেবার মূল্য পরিশোধ বা আদায় জনসাধারণের নিকট দিন দিন জনপ্রিয় হচ্ছে। ফলে এ ধরনের লেনদেনের পদ্ধতি সহজ ও নিরাপদ করার লক্ষ্যে অনলাইন/ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে অর্থ স্থানান্তরের সীমাও পুনঃনির্ধারণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এ প্রেক্ষিতে, পিএসডি সার্কুলার নং ০৫ তারিখঃ ০২ নভেম্বর, ২০০৯ এবং ডিসিএমপিএস সার্কুলার নং ০২ তারিখঃ ২৮ মার্চ, ২০১১ রদপূর্বক দেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকসমূহকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলোঃ

ক) অনলাইন/ইন্টারনেট ভিত্তিক ব্যাংকিং ব্যবস্থায় পণ্য/সেবার মূল্য পরিশোধ বা আদায় (ই-কমার্সসহ), ইউটিলিটি বিল, ক্রেডিট কার্ডের বিল পরিশোধ ইত্যাদি উদ্দেশ্যে এক ব্যাংক হিসাব থেকে অন্য ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর করা যাবে;

খ) অনলাইন/ইন্টারনেটে একই ব্যাংকের এক হিসাব থেকে অন্য হিসাবে অর্থ স্থানান্তরের সর্বোচ্চ সীমা ব্যাংক তার স্বীয় ঝুঁকি এবং গ্রাহকের ট্রানজেকশন প্রোফাইল বিবেচনায় নিজেই নির্ধারণ করবে;

গ) পিএসডি সার্কুলার নং ০৯ তারিখঃ ৩০ জুন, ২০২১ এর ক্রমিক নং ৫(খ) এ উল্লিখিত এনপিএসবি-এর মাধ্যমে ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার (IBFT) সেবার দৈনিক লেনদেনের সর্বোচ্চ সীমা ও একক লেনদেনের সর্বোচ্চ সীমা অপরিবর্তিত রেখে, দৈনিক লেনদেনের সর্বোচ্চ সংখ্যার শর্তাবলী রহিত করা হলো;

ঘ) অনলাইন/ইন্টারনেটে অর্থ স্থানান্তরে মানি লন্ডারিং প্রতিরোধ আইন এবং তদসূত্রে জারীকৃত নির্দেশনাবলীর যথাযথ পরিপালন ব্যাংকসমূহ নিশ্চিত করবে।

এই নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মেজবাউল হক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৪